
জুলাই-সেপ্টেম্বর/২০১২-১৩ সময়কালে কৃষিভিত্তিক শিল্প ঋণের সার্বিক অবস্থার পর্যালোচনামূলক প্রতিবেদন

কৃষিভিত্তিক শিল্পে ঋণপ্রবাহ যথাযথভাবে তদারকি করার লক্ষ্যে দেশের সকল ব্যাংক থেকে কৃষিভিত্তিক শিল্পে ঋণ বিতরণ ও আদায় সম্পর্কিত তথ্য/বিবরণী সংগ্রহ করা হয়ে থাকে। সে মোতাবেক সংশ্লিষ্ট ব্যাংকসমূহ কর্তৃক ২০১২-২০১৩ অর্থবছরের জুলাই-সেপ্টেম্বর ত্রৈমাসিকে দাখিলকৃত বিবরণীর ভিত্তিতে আলোচ্য বিবরণী প্রস্তুত করা হয়েছে। ২০১২-২০১৩ অর্থবছরের ৩০শে সেপ্টেম্বর ২০১২ পর্যন্ত সংশ্লিষ্ট ব্যাংকসমূহের কৃষিভিত্তিক শিল্পে ব্যাংকওয়ারী ঋণ বিতরণ, বকেয়া ঋণ ও শ্রেণীবিন্যাসিত ঋণের অবস্থা নিম্নরূপ:

১. ঋণ বিতরণ

জুলাই-সেপ্টেম্বর/২০১২-১৩ ত্রৈমাসিকে কৃষিভিত্তিক শিল্পে ঋণ বিতরণের মোট পরিমাণ ছিল ৫,১২০.৪৮ কোটি টাকা, এর মধ্যে চলতি মূলধন ও মেয়াদী ঋণ বিতরণের পরিমাণ ছিল যথাক্রমে ৪,৪৯৩.১০ কোটি টাকা এবং ৬২৭.৩৮ কোটি টাকা (চিত্র ১ দ্রষ্টব্য)। ২০১২-১৩ অর্থবছরের আলোচ্য জুলাই-সেপ্টেম্বর ত্রৈমাসিকে কৃষি ভিত্তিক শিল্পখাতে বিগত ২০১১-২০১২ অর্থবছরের জুলাই-সেপ্টেম্বর ত্রৈমাসিকের তুলনায় চলতি মূলধন ঋণ, মেয়াদী ঋণ, ও মোট ঋণ হ্রাস পেয়েছে যথাক্রমে ২৯.১১%, ১৮.৬১% ও ২৭.৯৭%।


চিত্র ১: বিতরণকৃত ঋণের তুলনামূলক চিত্র



	চলতি মূলধন	মেয়াদী ঋণ	মোট
২০১১-২০১২	৬,৩৩৮.০০	৭৭০.৮৪	৭,১০৮.৮৪
২০১২-২০১৩	৪,৪৯৩.১০	৬২৭.৩৮	৫,১২০.৪৮

আলোচ্য সময়ে কৃষিভিত্তিক শিল্পে বিতরণকৃত মোট ৫,১২০.৪৮ কোটি টাকার মধ্যে রাষ্ট্রমালিকানাধীন বাণিজ্যিক ব্যাংকসমূহ ২.১৫%, বেসরকারী বাণিজ্যিক ব্যাংকসমূহ ৬৯.৬৭%, বিদেশী ব্যাংকসমূহ ২৩.২৮%, এবং বিশেষায়িত ব্যাংক সমূহ ৪.৮৯% বিতরণ করেছে। (চিত্র-২ দ্রষ্টব্য)

চিত্র ২: ব্যাংকের ধরণভেদে বিতরণকৃত ঋণ, জুলাই-সেপ্টেম্বর/২০১২-১৩




পূর্ব পাতার পর-

২. বকেয়া ঋণস্থিতি

জুলাই-সেপ্টেম্বর/২০১২-১৩ ত্রৈমাসিক শেষে কৃষিভিত্তিক শিল্পখাতে মোট ঋণের বকেয়া স্থিতির পরিমাণ ২০,০৬০.৮৭ কোটি টাকা। তন্মধ্যে চলতি মূলধন খাতে বকেয়া ঋণস্থিতি ১৩,৮৪৭.৪০ কোটি টাকা এবং মেয়াদী ঋণখাতে বকেয়া ঋণস্থিতি ৬,২১৩.৪৭ কোটি টাকা। আলোচ্য ২০১২-২০১৩ অর্থবছরে কৃষি ভিত্তিক শিল্পে বিগত ২০১১-২০১২ অর্থ বছরের একই সময়ের তুলনায় চলতি মূলধন ঋণ, মেয়াদী ঋণ, এবং মোট ঋণ এর বকেয়া ঋণস্থিতি যথাক্রমে ৬.৯৫%, ৬.২০% এবং ৬.৭১% হারে বৃদ্ধি পেয়েছে। (চিত্র ৩ দ্রষ্টব্য)


চিত্র ৩: বকেয়া ঋণ স্থিতির তুলনামূলক চিত্র



	চলতি মূলধন	মেয়াদী ঋণ	মোট
২০১১-২০১২	১২,৯৪৮.১২	৫,৮৫০.৪৬	১৮,৭৯৮.৫৮
২০১২-২০১৩	১৩,৮৪৭.৪০	৬,২১৩.৪৭	২০,০৬০.৮৭

আলোচ্য সময়ে কৃষিভিত্তিক শিল্পে বকেয়া ঋণের রাষ্ট্রমালিকানাধীন বাণিজ্যিক ব্যাংক, বেসরকারি বাণিজ্যিক ব্যাংক, বিদেশী ব্যাংক ও বিশেষায়িত ব্যাংকসমূহের অংশীদারিত্ব যথাক্রমে ২৮.০৮%, ৫৩.০১%, ৭.৪২% এবং ১১.৪৯%। (চিত্র-৪ দ্রষ্টব্য)

চিত্র ৪: ব্যাংকের ধরণভেদে বকেয়া ঋণ স্থিতি, জুলাই-সেপ্টেম্বর/২০১২-১৩



৩. শ্রেণীবিন্যাসিত ঋণ


জুলাই-সেপ্টেম্বর/২০১২-১৩ ত্রৈমাসিক শেষে কৃষিভিত্তিক শিল্পখাতে মোট শ্রেণীবিন্যাসিত ঋণের পরিমাণ ১,৮৫৯.৪২ কোটি টাকা। তন্মধ্যে, রাষ্ট্রমালিকানাধীন বাণিজ্যিক ব্যাংক সমূহের ৩৪.৪৯%, বেসরকারী বাণিজ্যিক ব্যাংকসমূহের ৩৬.৫৬%, বিদেশী ব্যাংকসমূহের ০.৯৭%, এবং বিশেষায়িত ব্যাংকসমূহের ২৭.৯৮%। (চিত্র ৫ দ্রষ্টব্য)

২০১১-২০১২ অর্থবছরে জুলাই-সেপ্টেম্বর ত্রৈমাসিক শেষে কৃষিভিত্তিক শিল্প ঋণের মোট শ্রেণীবিন্যাসিত ঋণের পরিমাণ ছিল ১,৯৯৯.৭১ কোটি টাকা যা ২০১২-২০১৩ অর্থবছরের একই সময়ে ৭.০২% হ্রাস পেয়ে ১,৮৫৯.৪২ কোটি টাকা হয়েছে। এদিকে ২০১১-১২ অর্থবছরের জুলাই-সেপ্টেম্বর ত্রৈমাসিক শেষে কৃষিভিত্তিক শিল্প ঋণে শ্রেণীবিন্যাসিত ঋণের হার ছিল ১০.৬৪% যা ২০১২-২০১৩ অর্থবছরের জুলাই-সেপ্টেম্বর ত্রৈমাসিক শেষে হ্রাস পেয়ে ৯.২৭% হয়েছে।

চলমান পৃষ্ঠা- ২/৩

পূর্ব পাতার পর-

চিত্র ৫: ব্যাংকের ধরণভেদে শ্রেণীবিন্যাসিত ঋণ, অর্থবছর ২০১১-২০১২



ছক-১ এ ব্যাংকের ধরণ অনুযায়ী ২০১২-২০১৩ অর্থবছরে বকেয়া ঋণস্থিতির বিপরীতে শ্রেণীবিন্যাসিত ঋণের অবস্থা তুলে ধরা হয়েছে। উক্ত ছকে দেখা যায়, বিশেষায়িত ব্যাংক ও রাষ্টমালিকানাধীন বাণিজ্যিক ব্যাংকসমূহের শ্রেণীবিন্যাসিত ঋণের হার যথাক্রমে ১১.৬৫২% এবং ১১.৬৫% ।

ছক ১: ঋণ স্থিতির বিপরীতে শ্রেণীবিন্যাসিত ঋণের অবস্থা (অর্থবছর ২০১২-২০১৩)


(কোটি টাকায়)

ব্যাকের ধরণ	বকেয়া ঋণ স্থিতি	শ্রেণীবিন্যাসিত ঋণ	শতকরা হার
রাষ্ট্রীয় মালিকানাধীন বানিজ্যিক ব্যাংক	৫,৬৩৩.৫৮	৬৪১.৩৮	১১.৩৮%
বেসরকারী বানিজ্যিক ব্যাংক	১০,৬৩৪.৭৫	৬৭৯.৮১	৬.৩৯%
বিদেশী ব্যাংক	১,৪৮৮.২৬	১৭.৯৬	১.২১%
বিশেষায়িত ব্যাংক	২,৩০৪.২৮	৫২০.২৭	২২.৫৮%
মোট	**২২,০৬০.৮৭**	**১,৮৫৯.৪২**	**৯.২৭%**

৪. সার্বিক অবস্থা

কৃষিভিত্তিক শিল্প ঋণের বর্ণিত তথ্য হতে বিগত বছরের একই সময় অর্থাৎ ২০১১-২০১২ অর্থবছরের একই সময়ের সঙ্গে তুলনা করলে দেখা যায় বর্তমান অর্থবছরের জুলাই-সেপ্টেম্বর ত্রৈমাসিকে বকেয়া ঋণ স্থিতি ৬.৭১% বৃদ্ধি পেয়েছে, পক্ষান্তরে বিতরণকৃত ও শ্রেণীকৃত ঋণের পরিমাণ যথাক্রমে ২৭.৯৭% এবং ৭.০২% হ্রাস পেয়েছে। (চিত্র ৬ দ্রষ্টব্য)

চিত্র ৬: ২০১১-১২ এবং ২০১২-১৩ অর্থবছরের জুলাই-সেপ্টেম্বর ত্রৈমাসিকে কৃষিভিত্তিক শিল্পঋণের তুলনামূলক চিত্র



চলমান পৃষ্ঠা- ৩/৩